

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন স্কেল বৃদ্ধি ও চাকরি জাতীয়করণের দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন স্কেল বৃদ্ধি ও চাকরি জাতীয়করণের দাবি জানিয়েছে শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারি ফেডারেশন। গত শনিবার ঢাকা বিঃপার্টার্স ইউনিটিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়। সম্মেলনে ফেডারেশনের নেতৃত্ব বহন, প্রতিনিধিত্ব প্রবাসী বৃদ্ধি পায়। অথচ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত চতুর্থ শ্রেণীর কর্মচারীরা এখনও ২ হাজার ৪শ' টাকা বেতন পান। দীর্ঘ ৮ বছর পর বেতন স্কেল ১০০ টাকা বেড়ে ২ হাজার ৫শ' টাকায় উন্নীত হয়। সর্বোচ্চ ২ হাজার ৫শ' টাকা বেতন স্কেল গ্রহণকালেই তারা অবসরে যান। ফলে তাদের কঠোর জীবন-মাশুল করতে হচ্ছে। নেতৃত্ব কর্মচারীদের বেতন স্কেল ৫ হাজার ১শ' টাকায় উন্নীত করার দাবি জানান।

ফেডারেশনের নেতৃত্ব যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে কর্মচারীদের পদোন্নতি প্রদান, সকল কর্মচারীর জন্য রেশনিং ব্যবস্থা চালু, চাকরি বিধির প্রকাশনা জারি, ম্যানেজিং কমিটিতে কর্মচারীদের ভোটাধিকার এবং ১৯৯৫ সালের জনবল কাঠামো পরিবর্তন করে প্রতিষ্ঠানে কর্মচারীদের পদ সংখ্যা বাড়ানোর দাবি জানান।

সম্মেলনে ফেডারেশনের সভাপতি কামরুজ্জামান মিখান, মহাসচিব আব্দুল হক রাজা, নির্বাহী সভাপতি সিরাদুল আলম, নির্বাহী মহাসচিব মোঃ নূরুল আমিন প্রমুখ উপস্থিত ছিলেন।